গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(উন্নয়ন শাখা)
www.mymensinghdiv.gov.bd

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে ময়মনসিংহ বিভাগীয় কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শফিকুর রেজা বিশ্বাস, বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ ও সময় | : | ১৩/০৯/২০২২ খ্রি. সকাল ১১.৩০ টায় |
| সভার মাধ্যম | : | অনলাইন প্ল্যাটফর্ম |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-"ক" |

অনলাই প্লাটফর্মে সংযুক্ত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। সভাপতি বলেন, বিভাগীয় পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর যথাযথ বাস্তবায়নে সার্বিক কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত বিভাগীয় কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। এ সভার মাধ্যমে এপিএ বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. গত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত ২৩/০৬/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। | কোন সংশোধন/সংযোজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক) |
| ২. ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রতিটি দপ্তরের ওয়েবসাইট পর্যবেক্ষণ করা হয়। ওয়েবসাইটে প্রতিবেদন আপলোড না করলে এপিএ টার্গেট অর্জন করা সত্ত্বেও কোন নম্বর অর্জিত হবে না। | ১। ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।<br>২। বিভাগীয় সকল দপ্তরকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের অনুলিপি অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১.বিভাগীয় প্রধান (সকল)<br>২. জেলা প্রশাসক (সকল) |
| ৩. ২০২২-২৩ অর্থবছরের এপিএ সংশোধন সংক্রান্ত | আগামী ৩০/০৯/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ২০২২-২৩ অর্থবছরের এপিএ সংশোধনের সুযোগ রয়েছে। এপিএতে বাস্তবায়ন অযোগ্য কোন লক্ষ্য কিংবা পরিমাপ অযোগ্য কোন সূচক থাকলে অথবা মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রমাপের চেয়ে কম টার্গেট নির্ধারন করা হলে উক্ত সময়সীমার মধ্যে তা সংশোধনের বিষয়ে আলোচনা করা হয়। সংশোধিত এপিএ আবশ্যিকভাবে উর্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ এবং এপিএএমএস সিস্টেমে আপলোড নিশ্চিত করতে হবে। | ১। আগামী ৩০/০৯/২০২২ খ্রি. তারিখের মধ্যে ২০২২-২৩ অর্থবছরের এপিএ সংশোধন করতে হবে।<br>২। অতি উচ্চাভিলাষী টার্গেট, পরিমাপ অযোগ্য সূচক কিংবা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রমাপের চেয়ে কম টার্গেট থাকলে তা আবশ্যিকভাবে সংশোধন করতে হবে।<br>৩। সংশোধিত এপিএ নির্ধারিত সময়সীমার মধ্যে উর্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ ও এপিএএমএস সফটওয়্যারে আপলোড নিশ্চিত করতে হবে। | ১.বিভাগীয় প্রধান (সকল)<br>২. জেলা প্রশাসক (সকল) |
| ৪. ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের চূড়ান্ত মূল্যায়ন | আওতাধীন দপ্তরের সাথে সম্পাদিত ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন ও ফলাফল অত্র কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। মূল্যায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের "২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা" অনুসরণ করতে হবে। | ১। জেলা প্রশাসকগণ কর্তৃক সকল ইউএনও অফিস এবং বিভাগীয় প্রধানগণ কর্তৃক আওতাধীন দপ্তরের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন সম্পন্ন করে আগামী ২৮/০৯/২০২২ খ্রি. তারিখের মধ্যে নম্বর উল্লেখপূর্বক ফলাফল অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১.বিভাগীয় প্রধান (সকল)<br>২. জেলা প্রশাসক (সকল) |
| ৫. এপিএ টিম সংক্রান্ত | ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্দেশিকায় এপিএ টিম গঠনের বিষয়টি উল্লেখ রয়েছে এবং কার্যপরিধি অনুযায়ী নিয়মিত সভা করার বিষয়ে আলোচনা হয়। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতিটি দপ্তরে এপিএ টিম গঠন করতে হবে এবং নিয়মিত সভা আয়োজন করতে হবে।<br>২। বিভাগীয় দপ্তর হতে এপিএ টিমের কার্যবিবরণী অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১.বিভাগীয় প্রধান (সকল)<br>২. জেলা প্রশাসক (সকল) |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬. ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক নির্দেশিকা অনুযায়ী প্রমাণক ব্যবস্থাপনা | সভায় ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রমাণক ব্যবস্থাপনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩" অনুসরণের বিষয়ে আলোচনা হয়। উক্ত নির্দেশিকা নির্ধারিত সময়সীমার মধ্যে এপিএএমএস সফ্‌টওয়্যারে প্রমাণক আপলোডের বাধ্যবাধকতা রয়েছে। | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুসরণ করে এপিএ বাস্তবায়ন করতে হবে।<br>২। ১ম ত্রৈমাসিকের (জুলাই ২০২২-সেপ্টেম্বর ২০২২) লক্ষ্য অর্জনের প্রমাণক হিসেবে সামারি শিট প্রস্তুতপূর্বক ১৫ অক্টোবরের মধ্যেই এপিএএমএস সফ্‌টওয়্যারে আপলোড করতে হবে।<br>৩। হার্ড কপি সংরক্ষণ করতে হবে ও বার্ষিক মূল্যায়নের জন্য প্রেরণ করতে হবে। | ১.বিভাগীয় প্রধান (সকল)<br>২. জেলা প্রশাসক (সকল) |
| ৭. সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রমাণক হিসেবে কার্যপত্রের অগ্রহণযোগ্যতার বিষয়ে আলোচনা করা হয়। বাস্তবায়নের প্রমাণক হিসেবে প্রতিটি কার্যবিবরণীতে গত সভার কতটি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং এ সংক্রান্ত অন্যান্য প্রমাণক সংরক্ষণ করতে হবে মর্মে সভায় উল্লেখ করা হয়। | ১। সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রমাণক পরবর্তী সভার কার্যবিবরণীতে গত সভার কতটি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে তা উল্লেখ করতে হবে।<br>২। সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য প্রমাণক সংরক্ষণ এবং প্রয়োজন অনুসারে দাখিল করতে হবে।<br>৩। সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন সুস্পষ্ট ও সুনির্দিষ্ট হতে হবে। | ১.বিভাগীয় প্রধান (সকল)<br>২. জেলা প্রশাসক (সকল) |
| ৮. ই-নথি ও ইনোভেশন | এপিএর অবিচ্ছেদ্য অংশ ই-গভর্ন্যান্স বাস্তবায়নে ই-নথি ও ইনোভেশনের গুরুত্ব সম্পর্কে সভায় গুরুত্বারোপ করা হয়। প্রতিটি দপ্তরের দাপ্তরিক কাজে শতভাগ ই-নথি বাস্তবায়ন ও সেবা সহজীকরনের জন্য ইনোভেশন কার্যক্রম গ্রহণ ও নিয়মিত পরীবিক্ষণের বিষয়ে আলোচনা করা হয়। | ১। দাপ্তরিক কাজে শতভাগ ই-নথি বাস্তবায়ন করতে হবে।<br>২। ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্নেন্স কর্মপরিকল্পনায় নির্ধারিত সূচক বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে এপিএর লক্ষ্য অর্জন করতে হবে। | ১.বিভাগীয় প্রধান (সকল)<br>২. জেলা প্রশাসক (সকল) |

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে একসাথে কাজ করার আহ্বান জানিয়ে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৯/২২

**(মোঃ শফিকুর রেজা বিশ্বাস)**
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬৬১৪৪৪ (অফিস)
ই-মেইল-divcommymensingh@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৫.০০০০.০১২.১৮.০০৮.২১.২১২

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯ / ১৩ সেপ্টেম্বর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. ................................................................................................
সদস্য, এপিএ সংক্রান্ত বিভাগীয় কমিটি, ময়মনসিংহ বিভাগ।
৫. জেলা প্রশাসক, জামালপুর/শেরপুর/নেত্রকোনা।

১৩/৯/২২

(মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
সিনিয়র সহকারী কমিশনার